গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা।
www.dumuria.khulna.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০০.০৬.০০১.১৯- ৬৫৭ (যুক্ত) তারিখ ঃ ২১/০৪/২০১৯ খ্রি.

বিষয় ঃ গ্রাম আদালত আইন,বিধিমালা,গ্রাম আদালতের প্রক্রিয়া এবং এতদসংক্রান্ত সেবা প্রদান সম্পর্কে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প কর্তৃক নির্মিত গ্রাম আদালত বিষয়ক 'ভিডিও লার্ণিং এ্যাইড'(সচিত্র প্রশিক্ষণ উপকরণ) মাঠ পর্যায়ে প্রেরণ প্রসংগে ।

সূত্র ঃ গ্রাম আদালত সক্রিয়করণ ২য় পর্যায় প্রকল্পের স্মারক নং- এলজিডি/এভিসিবি-।।/ক্যাপডেভ/ভিলাএইড/৩৫৯/২০১৭/১৪ তারিখ ১৯/০২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত পত্র ও গ্রাম আদালত আইন,বিধিমালা,গ্রাম আদালতের প্রক্রিয়া এবং এতদসংক্রান্ত সেবা প্রদান সম্পর্কে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প কর্তৃক নির্মিত গ্রাম আদালত বিষয়ক 'ভিডিও লার্ণিং এ্যাইড'(সচিত্র প্রশিক্ষণ উপকরণ) মাঠ পর্যায়ে উপস্থাপনের জন্য এ সাথে প্রেরণ করা হলো ।

সংযুক্ত ঃ মোট ৪(চার) ফর্দ ।

মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।
ফোনঃ ০৪০২৫-৫৬০০১
ই-মেইল:unodumuria@mopa.gov.bd

চেয়ারম্যান
ধামালিয়া/রঘুনাথপুর/রুদাঘরা/খর্নিয়া/আটলিয়া/মাগুরাঘোনা/শোভনা/শরাফপুর/সাহস/ভান্ডারপাড়া/ডুমুরিয়া/রংপুর/গুটুদিয়া/মাগুরখালী ইউ,পি, ডুমুরিয়া, খুলনা।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা।
প্রাপ্ত নং...228...
তারিখ...20/4/17...

CA
Govt Vas!

European Union

বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ ২য় পর্যায় প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Empowered lives.
Resilient nations.

স্মারক নং- স্মারক নংঃ এলজিডি/এভিসিবি-II/ক্যাপডেভ/ভিলাএইড/৩৫৯/২০১৭/.৯৪ তারিখ ঃ ১৯.০২.২০১৭ খ্রিঃ।

বিষয়: গ্রাম আদালত আইন, বিধিমালা, গ্রাম আদালতের প্রক্রিয়া এবং এতদসংক্রান্ত সেবা প্রদান সম্পর্কে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প কর্তৃক নির্মিত গ্রাম আদালত বিষয়ক 'ভিডিও লার্ণিং এ্যাইড' (সচিত্র প্রশিক্ষণ উপকরণ) মাঠ পর্যায়ে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'অ্যাকটিভেটিং ভিলেজ কোর্টস ইন বাংলাদেশ' শীর্ষক সাত বছর (২০০৯-২০১৫) মেয়াদী পাইলট প্রকল্পের অর্জিত সফলতার ধারাবাহিকতায় বাংলাদেশ সরকার, ইউরোপীয়ান ইউনিয়ন এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (ইউএনডিপি)-এর আর্থিক সহায়তায় স্থানীয় সরকার বিভাগ 'বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)' শীর্ষক চার বছর (২০১৬-২০১৯) মেয়াদী প্রকল্পটি দেশের ৮ টি বিভাগের ২৭ টি জেলার ১২৮ টি উপজেলার ১০৮০ টি ইউনিয়নে বাস্তবায়ন করছে।

২। সুষ্ঠুভাবে গ্রাম আদালত পরিচালনার মাধ্যমে স্থানীয় জনগণের দোরগোড়ায় বিচারিক সেবা সহজে ও দ্রুত নিশ্চিত করতে গ্রাম আদালত সংশ্লিষ্ট অংশীজনদের দক্ষতা বৃদ্ধি করা এবং তাদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা সরকারের অন্যতম লক্ষ্য। এরই ধারাবাহিকতায় প্রকল্প থেকে গ্রাম আদালত সংশ্লিষ্ট অংশীজনদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ ও গ্রাম আদালত বিধি, ২০১৬ এর আলোকে গ্রাম আদালত বিষয়ক একটি অডিও-ভিজুয়্যাল প্রশিক্ষণ উপকরণ 'ভিডিও লার্ণিং এ্যাইড' নির্মাণ করা হয়েছে, যাতে সংশ্লিষ্ট অংশীজনদের গ্রাম আদালত বিষয়ে শিখন সহজ ও দীর্ঘস্থায়ী হবে এবং কাঙ্খিত দক্ষতা অর্জিত হবে। উল্লেখ্য যে, ভিডিও লার্ণিং এ্যাইডটি একটি স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ উপকরণ যেখানে স্থানীয় বিরোধ, স্থানীয় বিচার ব্যবস্থা তথা গ্রাম আদালতের প্রক্রিয়া, ধাপ সমূহ, গ্রাম আদালত আইন, বিধি এবং গ্রাম আদালতে ব্যবহৃত বিভিন্ন ফরমস ও ফরমেট সমূহ সংশ্লিষ্ট অংশীজনদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিনোদন প্রক্রিয়ায় ঘটনা প্রবাহের মাধ্যমে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে।

৩। সারা দেশে গ্রাম আদালত কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে এবং গ্রামীণ জনগোষ্ঠীর জন্য গ্রাম আদালতের কার্যকর সেবা নিশ্চিত করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগ নির্মিত ভিডিও লার্ণিং এ্যাইডটির ডিভিডি কপি দেশের সকল ইউনিয়নে ব্যবহার করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এর মাধ্যমে সকল ইউনিয়নে ১ টি করে উল্লিখিত ডিভিডি প্রেরণের সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে সংযুক্ত তালিকা মোতাবেক আপনার বরাবর ব্যবহার নির্দেশিকাসহ .১৪.....টি ডিভিডি প্রেরণ করা হলো।

৪। এমতাবস্থায় গ্রাম আদালত বিষয়ে নির্মিত উপরোল্লিখিত 'ভিডিও লার্ণিং এ্যাইড'টি ব্যবহারিক নির্দেশিকাসহ সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়নে প্রেরণ ও এর যথাযথ ব্যবহার করার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

১৯/২/১৭
ড: কাজী আনোয়ারুল হক
জাতীয় প্রকল্প পরিচালক
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়)
ও
অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া উপজেলা

সংযুক্তি:

১. উপজেলা ভিত্তিক সংশ্লিষ্ট ইউনিয়নের তালিকা।
২. ব্যাবহারিক নির্দেশিকা এর কপি।

অনুলিপি জ্ঞাতার্থে:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. জেলা প্রশাসক, ...খুলনা..... ।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, ...খুলনা..... ।
৪. জাতীয় প্রকল্প সমন্বয়ক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প।

আইডিবি ভবন (১২ তলা), শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোনঃ +৮৮০ ২ ৯১৮৩৪৬৬-৮, ইমেইলঃ info.avcb@undp.org, ওয়েবসাইটঃ www.bd.undp.org/villagecourts

গ্রাম আদালত বিষয়ক 'ভিডিও লার্ণিং এইড'

ব্যবহার নির্দেশিকা

European Union

বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

Empowered lives.
Resilient nations.

ভূমিকাঃ

স্থানীয় সরকার বিভাগের সহযোগীতায় 'বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প' দেশের ২৭ টি জেলার ১২৮ টি উপজেলায় ১০৮০ টি ইউনিয়নে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। গ্রাম আদালত কার্যকরী করতে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের এ বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে লক্ষ্যে প্রকল্প থেকে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের গ্রাম আদালত বিষয়ক সক্ষমতা বৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় প্রকল্প কর্তৃক গ্রাম আদালত আইন, ২০০৬ ও গ্রাম আদালত বিধিমালা, ২০১৬ এর আলোকে 'ভিডিও লার্ণিং এইড' নামে গ্রাম আদালত বিষয়ক একটি অডিও-ভিজ্যুয়াল প্রশিক্ষণ উপকরণ তৈরী করা হয়েছে যাতে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের গ্রাম আদালত বিষয়ে শিখন সহজ ও দীর্ঘস্থায়ী হয় এবং কাঙ্খিত দক্ষতা অর্জিত হয়।

ভিডিও লার্ণিং এইডটি গ্রাম আদালত সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রশিক্ষণসহ অন্যান্য সক্ষমতা বৃদ্ধিমূলক কর্মসূচিতে ব্যবহৃত হবে ।

ভিডিও লার্ণিং এইড কীঃ

'বাড়ির কাছে গ্রাম আদালত" শিরোনামে নির্মিত **ভিডিও লার্ণিং এইড'টি** গ্রাম আদালত বিষয়ক একটি অডিও-ভিজ্যুয়াল প্রশিক্ষণ উপকরণ যেখানে স্থানীয় বিরোধ, স্থানীয় বিচার ব্যবস্থা তথা গ্রাম অদালতের প্রক্রিয়া, ধাপ সমূহ, গ্রাম আদালত আইন, বিধি এবং গ্রাম আদালতে ব্যবহৃত বিভিন্ন ফরমস ও ফরমেট সমূহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিনোদন প্রক্রিয়ায় ঘটনা প্রবাহের মাধ্যমে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে।

ভিডিও লার্ণিং এইড- এর উদ্দেশ্যঃ

প্রকল্প কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রশিক্ষণমূলক কার্যক্রমে বিনোদন প্রক্রিয়ার মাধ্যমে গ্রাম আদালত বিষয়ে অংশগ্রহনকারীগনের শিখন ও দক্ষতা বৃদ্ধি প্রক্রিয়াকে সহজ ও দীর্ঘস্থায়ী করা।

ব্যবহারের ক্ষেত্রঃ

- দেশের সকল উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার বরাবর ১ টি করে ডিভিডি প্রেরণ করা হবে যাতে করে তিনি উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটিসহ উপজেলার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমে এর প্রয়োজনীয় প্রচার ও ব্যবহার করতে পারেন;
- গাইডলাইন অনুযায়ী প্রকল্প এলাকার সংশ্লিষ্ট সহযোগী সংস্থার প্রত্যেক জেলা এবং উপজেলা কার্যালয়ে ১ টি করে ভিডিও লার্ণিং এইড- এর ডিভিডি এবং একইভাবে সংস্থার কেন্দ্রীয় প্রশিক্ষণ কেন্দ্রে/ কার্যালয়ে ১ টি করে ডিভিডি বিতরণ করা হবে;
- এনআইএলজিসহ সরকারী প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহে চাহিদামত এর সরবরাহ করা হবে;
- এছাড়াও স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অনুমোদন সাপেক্ষে প্রকল্প এলাকার বাইরে যে কোন ইউনিয়ন পরিষদে চাহিদামত এর সরবরাহ ও ব্যবহার করা হবে।

ব্যবহার কৌশলঃ

- প্রশিক্ষণসুচি অনুযায়ী প্রশিক্ষণ চলাকালীন সুবিধামত সময়ে ভিডিও লার্ণিং এইডটি প্রদর্শণ করতে হবে;
- ভিডিও লার্ণিং এইড প্রদর্শণের পূর্বেই প্রশিক্ষণ কক্ষে প্রয়োজনীয় সচল ইকিউপমেন্ট সমূহ যেমন- লেপটপ/ কম্পিউটার/ডিভিডি প্লেয়ার, মাল্টিমিডিয়া/টিভি, সাউন্ড বক্স ইত্যাদি প্রস্তুত রাখতে হবে;
- প্রশিক্ষক/সহায়ক প্রশিক্ষণ কক্ষের এমন স্থানে মাল্টিমিডিয়ার স্ক্রীন/টিভি স্থাপন করবেন যাতে সকল অংশগ্রহনকারী স্পষ্টভাবে দেখতে পায়;
- ভিডিও প্রদর্শণ শেষে অংশগ্রহনকারীদের উদ্দেশ্যে প্রশ্ন করবেন, "প্রদর্শিত ভিডিওটি কেমন লাগলো?" উত্তরগুলো মনোযোগ সহকারে শুনবেন;
- অতঃপর প্রশ্ন করবেন, "ভিডিওটি দেখে কী বুঝতে পেরেছি?" উত্তরগুলো মনোযোগ সহকারে শুনবেন। এভাবে প্রশ্নোত্তরের মাধ্যমে তথ্য ভিত্তিক বিস্তারিত আলোচনা করবেন এবং মূল বিষয়টি যেন সকলে বুঝতে পেরেছে তা নিশ্চিত করে আলোচনার সারসংক্ষেপ টানবেন।
- এছাড়াও -
  - ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে এই ডিভিডিটির ব্যপক প্রচার করা যেতে পারে;
  - উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে এর ব্যবহার ও প্রচার কার্যক্রম মনিটরিং করা যেতে পারে।

ব্যবহারের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয় সমূহ লক্ষ্য রাখতে হবে -

১. ভিডিও লার্ণিং এইড প্রদর্শণের পূর্বে সহায়ককে প্রদর্শিতব্য ডিভিডিসহ প্রতিটি সহায়ক যন্ত্র এমনভাবে পরীক্ষা করে নিতে হবে যাতে করে প্রদর্শনের সময় কোন প্রকার অপ্রত্যাশিত যান্ত্রিক ত্রুটি বা এ ধরণের ঘটনা না ঘটে;

২. ডিভিডিটি যত্নসহকারে সংরক্ষণ ও ব্যবহার করতে হবে যাতে এতে কোন দাগ বা ময়লা না পরে এবং প্রদর্শণ শেষে নির্ধারিত প্যাকেটে ঢুকিয়ে রাখতে হবে;

বিতরণ প্রক্রিয়াঃ

১. অ্যাকটিভেটিং ভিলেজ কোর্টস ইন বাংলাদেশ প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্ধারিত ভিডিও লার্ণিং এইড-এর ডিভিডি সমূহ সংশ্লিষ্ট এনজিও বরাবর পাঠানো হবে। এনজিও সমূহ তাদের কেন্দ্রীয় প্রশিক্ষণ কেন্দ্র/ কার্যালয় ও প্রতিটি জেলার জন্য ১টি করে ডিভিডি রেখে অবশিষ্ট ডিভিডিমূহ কর্মএলাকার সংশ্লিষ্ট উপজেলায় ১টি করে প্রেরণ করবেন;

২. অনুরুপভাবে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর ১ টি করে ডিভিডি প্রেরণ করা হবে;

৩. জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত এনজিও প্রতিনিধিদের দায়িত্ব হলো ডিভিডিটি যাতে গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ এবং প্রশিক্ষণমূলক সংশ্লিষ্ট কার্যক্রমে সঠিকভাবে ব্যবহৃত হয় তা ফলোআপ করা এবং সংরক্ষণ করা।

ইউনিয়ন ভিত্তিক ভিডিও লার্নিং এ্যাইড (ডিভিডি) প্রেরণের তালিকা

জেলার নাম	উপজেলার নাম	ক্রমিক	ইউনিয়নের নাম
খুলনা	ডুমুরিয়া	১	আটলিয়া
		২	ভান্ডারপাড়া
		৩	ধামালিয়া
		৪	ডুমুরিয়া
		৫	গুটুদিয়া
		৬	খর্ণিয়া
		৭	মাগুরখালী
		৮	মাগুরাঘোনা
		৯	রঘুনাথপুর
		১০	রংপুর
		১১	রুদাঘরা
		১২	সাহস
		১৩	শরাফপুর
		১৪	শোভনা
মোট			**১৪**